এসো গো নূতন জীবন ।
এসো গো কঠোর নিঠুর নীরব,   এসো গো ভীষণ শোভন ॥
এসো অপ্রিয় বিরস তিক্ত,   এসো গো অশ্রুসলিলসিক্ত,
এসো গো ভূষণবিহীন রিক্ত,   এসো গো চিত্তপাবন ॥
থাক্‌ বীণাবেণু, মালতীমালিকা   পূর্ণিমানিশি, মায়াকুহেলিকা—
এসো গো প্রখর হোমানলশিখা   হৃদয়শোণিতপ্রাশন ।
এসো গো পরমদুঃখনিলয়,   আশা-অঙ্কুর করহ বিলয়—
এসো সংগ্রাম, এসো মহাজয়,   এসো গো মরণসাধন ॥

---

Parjaay: Bichitro

Visit www.geetabitan.com for notation and other detail